

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

নং-১৫.৫২.০০০০.০১১.১৮.২৩১.১৮(অংশ-৭). ৩৫৪১

তারিখ: ২২.১০.২০২০ খ্রি.

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ১ম প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন অনুমোদনে নৈতিকতা কমিটি এবং শুদ্ধাচার পুরস্কার প্রদানে বাছাই কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব সুরথ কুমার সরকার, প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।

তারিখ: ১১.১০.২০২০ খ্রি.


সময়: সকাল ১০.৩০ ঘটিকা।

স্থান: তথ্য অধিদফতরের সম্মেলনকক্ষ।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। শুরুতে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সিনিয়র তথ্য অফিসার (সংস্থাপন) জনাব মোহাম্মদ মাহমুদুল হাসান ১ম প্রান্তিকের (জুলাই থেকে সেপ্টেম্বর) কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি অনুমোদন এবং পুরস্কার প্রদানে কর্মকর্তা কর্মচারীদের যাচাই-বাছাইকরণ বিষয়ে সভাকে অবহিত করেন। নৈতিকতা কমিটি ও বাছাই কমিটির উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
০১	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ১ম প্রান্তিকের (জুলাই থেকে সেপ্টেম্বর) অনুমোদন বিষয়ে অগ্রগতি/প্রমাণকসমূহ পর্যালোচনা করা হয়।	নৈতিকতা কমিটি কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ১ম প্রান্তিকের প্রতিবেদন সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।
০২	২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য কর্মকর্তা কর্মচারীদের যাচাই-বাছাইকরণে সংক্ষিপ্ত তালিকা তৈরি করা হয়। শুদ্ধাচার পুরস্কার প্রদানের সূচকসমূহ যথাযথ মূল্যায়নের ভিত্তিতে নম্বর প্রদান/চূড়ান্ত মনোনয়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	শুদ্ধাচার পুরস্কার প্রদানের সূচকসমূহের যথাযথ মূল্যায়ন করে নম্বর প্রদান করে আগামী সভায় উপস্থাপনের জন্য বাছাই কমিটি কর্তৃক সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


সুরথ কুমার সরকার
প্রধান তথ্য অফিসার
ফোন: ৯৫৪৬০৯১

বিতরণ:

- ০১। অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ০২। সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস, প্রোটোকল), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৩। উপপ্রধান তথ্য অফিসার (আরএন্ডআর), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৪। সিনিয়র তথ্য অফিসার (মনিটরিং, সংস্থাপন, সমন্বয়), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৫। প্রশাসনিক, ক্রয়, অতিরিক্ত হিসাবরক্ষণ ও বিতরণ কর্মকর্তা, তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৬। প্রধান তথ্য অফিসার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা (পিআইও মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। অতিরিক্ত প্রধান তথ্য অফিসার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা (এপিআইও মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৮। সংশ্লিষ্ট নথি।